শৈলকুপায় ধর্ষণ চেষ্টার মামলার প্রতিবাদে মানববন্ধন-বিক্ষোভ

জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষ কে ফাঁসাতে ৪বছরের শিশু কে জড়িয়ে মিথ্যা ধর্ষণ প্রচেষ্টার মামলা দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় ফুঁসে উঠেছে গ্রামবাসী। শত শত নারী-পুরুষ মানববন্ধন ও বিক্ষোভ করে ঘটনার প্রতিবাদ জানিয়েছে।

বৃহস্পতিবার বিকালে হরিহরা গ্রামের রাস্তায় এ বিক্ষোভ ও মানববন্ধন হয়। ঝিনাইদহের শৈলকুপা উপজেলা হরিহরা গ্রামে এ ঘটনা ঘটেছে। ধর্ষণ প্রচেষ্টার অভিযোগ আনা বিবাহিত যুবক নয়ন মন্ডল(২৪) ও শিশুটি সম্পর্কে মামাতো-ফুফাত ভাই-বোন ।

হরিহরা গ্রামে মানবন্ধনে অংশ নেয়া ছালেহা খাতুন, আন্না বেগম, মামুদ আলী, আব্দুল মামুন সহ কয়েকজন জানান, শিশু কে জড়িয়ে এমন মিথ্যা তারা মেনে নিতে পারছে না। যার বিরুদ্ধে অভিযোগ দেয়া হয়েছে তারা আপন আত্মীয়। বাড়ির জমা-জমি নিয়ে বিরোধে বিবাহিত এক যুবক কে ফাঁসানো হয়েছে। তারা মানববন্ধনে দাঁড়িয়ে ঘটনার সুষ্ঠ তদন্ত দাবি করেন । মানববন্ধন ও বিক্ষোভ থেকে আরো বলা হয়েছে, সুস্থ্য শিশুটির বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তার স্বপক্ষে কোন প্রমাণ নেই। মিথ্যা স্বাক্ষী সাজানো হয়েছে। ঘটনার কয়েকদিনেও শিশুটিকে হাসপাতালে নেয়া হয়নি। শিশুটিকে ঝিনাইদহ হাসপাতালে নেয়া না হলেও মামলায় মিথ্যা তথ্য দেয়া হয়েছে।

প্রসঙ্গত, গত ১০ অক্টোবর সন্ধ্যা সাড়ে ৬টার পরে হরিহরা গ্রামের কয়েম মন্ডলের স্ত্রী বেলী খাতুন অভিযোগ করেন, তার ৪ বছরের শিশু কে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। পাশের বাড়িতে বসবাসকারী রাশেদ মন্ডলের ছেলে নয়ন মন্ডল শিশুটিকে তার বাড়িতে নিয়ে ধর্ষণের চেষ্টা করে। অবশ্য এ অভিযোগ প্রথম থেকে অস্বীকার করে আসছে রাশেদ মন্ডলে পরিবার । তাদের দাবি আপন আত্মীয় হওয়ায় শিশুটি সব সময় কোলেপিঠে করে তারা আদরযত্ন করে কিন্তু বাড়ির জমাজমি নিয়ে দীর্ঘ বিরোধে ফাঁসাতে এমন অভিযোগ আনা হয়েছে।

এ ঘটনায় শিশুটির মা বেলী খাতুন থানায় নারী ও শিশু নির্যাতন আইনে ধর্ষণ প্রচেষ্টার মামলা করে নয়ন মন্ডলের বিরুদ্ধে । পুলিশ মামলা গ্রহণ করে নয়ন মন্ডল কে গ্রেফতার করেছে ।

পুলিশ জানিয়েছে শিশু ধর্ষণ প্রচেষ্টার অভিযোগের প্রেক্ষিতে মামলা নেয়া হয়েছে, অভিযুক্ত যুবক গ্রেফতার হয়েছে, বিস্তারিত তদন্তের পর আরো বিস্তারিত জানা যাবে।

আজ স্থানীয় শহীদ রোভার দিবস

আজ ২৩ অক্টোবর। স্থানীয় শহীদ রোভার দিবস। মেহেরপুরের জন্য শোকের দিন। ১৯৯৭ সালের আজকের এই দিন। সকাল হতেই এক মর্মান্তিক খবরে জেলাব্যাপী শোকের ছায়া নেমে আসে। সিলেটের লাক্কাতুরা চা বাগান সংলগ্ন গলফ ক্লাব অ্যারিনায় ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটে অংশ নিতে মেহেরপুর থেকে ছেড়ে রোভার স্কাউটের বাসটি দুর্ঘটনার কবলে পড়ে। আর এতে ঘটনাস্থলেই শহীদ হোন ৫ রোভার। আহত আরো ১৯ জন।

কভার রোভাররা হলেন জাভেদ ওসমান, মনিরুল ইসলাম, মাসুম হোসেন, মুন্সী আমিনুল ইসলাম ও মাহফুজুর রহমান মাহফুজ। তাঁদের মধ্যে জাভেদ ওসমান, মনিরুল ইসলাম ও মাসুম হোসেন ছিলেন মেহেরপুর শহরের। আমিনুল ইসলামের বাড়ি মুজিবনগরের দারিয়াপুর এবং মাহফুজুর রহমান ছিলেন সদর উপজেলার উজুলপুর গ্রামের।

বাংলাদেশ স্কাউটের ত্রৈমাসিক পত্রিকা ‘রোভার’ এপ্রিল সংখ্যার মূল প্রতিবেদন ছিল মেহেরপুরে শহীদ রোভারদের নিয়ে। “ডেডলাইন মেহেরপুর” শিরোনামে সেই প্রতিবেদন থেকে জানা যায়, ২৪ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত সিলেটের লাক্কাতুরা চা বাগান সংলগ্ন গলফ ক্লাব অ্যারিনায় অনুষ্ঠিত ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটে যোগদানের জন্য মেহেরপুর জেলার মেহেরপুর সরকারী কলেজ, মুজিবনগর কলেজ, মুন্সী মেহেরুল্লাহ মুক্ত রোভার স্কাউট গ্রুপ, মুন্সী জমির উদ্দীন মুক্ত রোভার দলের ৩২ জন রোভার স্কাউট ও ৪ জন রোভার লীডার (শিক্ষক) সহ ৩৬ জন একটি ভাড়াকৃত বাসযোগে (বাস নং-মেহেরপুর জ- ০৪-০০১৫) ২২ অক্টোবর রাত ৮ টার সময় মেহেরপুর থেকে যাত্রা শুরু করে। বাসটি গত ২৩ অক্টোবর ভোরর ৫টা ১০ মিনিটে ঢাকার অদূরে ধামরাই থানাধীন জয়পাড়া নামক স্থানে চালক নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পতিতহয়। দুর্ঘটনাস্থলে ৫জন

রোভার স্কাউটের মৃত্যু ঘটে । এছাড়া ১৯জন রোভার আহত হয়।

তার মধ্যে ১৭ জনকে ধামরাই স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়। একজনকে তাৎক্ষণিকভাবে ধামরাই থানা কমপ্লেক্স ভর্তি করা হয়। গুরুতর আহত অবস্থায় মেহেরপুর সরকারী কলেজের ২য় বর্ষের ছাত্র রোভার ফারুক হোসেনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনার খবর পেয়ে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার জনাব মনযূর উল করীম বিষয়টি স্বরাষ্ট্র সচিব মহোদয়কে অবহিত করেন। তিনি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা প্রশাসক, ঢাকা এবং ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের উপাধ্যক্ষের সাথে টেলিফোনে যোগাযোগ করেন। এছাড়া তিনি মেহেরপুর জেলা প্রশাসকের সাথে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ব্যাপারে আলোচনা করেন।

মনযূর উল করীম দুর্ঘটনার সংবাদটি সাথে সাথেই রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এ ব্যাপারে রাষ্ট্রপতি ও চীফ স্কাউট বিচারপতিসাহাবুদ্দীন আহমদ, বৃটেন সফররত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়া শোক প্রকাশ করেন এবং শোকবার্তা প্রেরণ করেন।

বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে দুর্ঘটনাস্থলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের আ্যাম্বুলেন্স এবং পিকআপ ভ্যান প্রেরণ করা হয়। নিহত ৫জন রোভারের মৃতদেহ প্রথমে বাংলাদেশ স্কাউসের জাতীয় সদর দফতরে আনা হয়। এরপর মৃতদেহগুলি পোস্টমর্টেমের জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয় । বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার-এর ব্যক্তিগত চেষ্টায় অল্প সময়ের মধ্যেই মৃতদেহগুলি পোস্টমর্টেম, গোছল। ইত্যাদি সমাধা করে কফিনে রাখা হয়। এই সকল কাজের তদারকি করেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার জনাব মনযূর উল করীম, রোভার অঞ্চলের — আঞ্চলিক উপ-কমিশনার (প্রশাসন) জনাব নির্মল কান্তি মিত্র, আঞ্চলিক উপ-কমিশনার (গবেষণা ও মূল্যায়ন) প্রফেসর মোহাম্মদ আব্দুস সালাম, জাতীয় উপ-কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব মিহির কান্তি মজুমদার।

কফিন তৈরীর হওয়ার পর তা মরহুমদের আত্মীয়গণের নিকট হস্তান্তরের জন্য ফায়ার সার্ভিসের পিকআপ ভ্যান যোগে মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সভাপতি এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করা হয়। বাংলাদেশ স্কাউটসের ব্যবস্থাপনায় একটি বাস ও একটি মাইক্রোবাসে করে অন্য সকল রোভার ও মেহেরপুর থেকে আগত আত্মীয়-স্বজনদেরকে

মেহেরপুেও প্রেরণ করা হয়। বাসের সাথে বাংলাদেশ স্কাউটসের ২ জন।

কর্মচারীকে মাইক্রোবাস যোগে প্রেরণ করা হয়। প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের অনুরোধক্রমে মৃতদেহগুলি জেলা প্রশাসনের সিনিয়র কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট অভিভাবকের নিকট হস্তান্তর করা হয়। পরদিন ২৪ অক্টোবর ৯৭ তারিখ শুক্রবার মেহেরপুর সরকারী কলেজ মাঠে তাঁদের নামাজের জানাজা অনুষ্ঠিত হয়। নামাজে জানাজায় প্রায় ২০ হাজার স্থানীয় লোক শরীক হন।

জাতীয় প্রচার মাধ্যম ও পত্র-পত্রিকায় দুর্ঘটনার বিষয়টি ফলাও ভাবে প্রকাশিত হয়। ২৫শে অক্টোবর ১৯৯৭ তারিখে ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটের আনুষ্ঠানিক উদ্বোধনের দিন রাষ্ট্রপতি ও চীফ স্কাউট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ-এর উপস্থিতিতে এক ভাবগম্ভীর পরিবেশে শোকবার্তা পাঠ করা হয় ও নিহতদের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

এর পর থেকে প্রতিবছর মেহেরপুর জেলা স্কাউট দিবসটি নানা কর্মসূচীর মাধ্যমে পালন করে থাকে। আজও নানা কর্মসূচী নেওয়া হয়েছে বলে জানান, মেহেরপুর জেলা স্কাউটস এর সাধারণ সম্পাদক ফখরুজ্জামান উজ্জল। তিনি জানান, করোনা প্রাদুর্ভাবের কারণে আলোচনা সভা না করা হলেও অন্যান্য কর্মসূচী রাখা হয়েছে।

তার মধ্যে, সকাল সাড়ে ৬ টায় কবর জিয়ারত, সকাল সাত টায় কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গনে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং বিকাল ৩ টায় মেহেরপুর সরকারি কলেজ জামে মসজিদে দোয়া মাহফিল।

১৫ তারিখে বিয়ে, ২২ এ বউ উধাও!

বিয়ের এক সপ্তাহের ব্যবধানে স্বামী রেখে কৌশলে উধাও হয়েছে নববধূ। নতুন বউকে হারিয়ে বাকরুদ্ধ স্বামী।

ঘটনাটি ঘটেছে গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর শহরের বড় বাজারের গিয়াস মিষ্টান্ন ভাণ্ডারের সামনে থেকে।

জানা যায়, গত ১৫ অক্টোবর বৃহস্পতিবার মেহেরপুর সদর উপজেলার

গোভিপুর মাদ্রাসাপাড়ার বিধবা কুরছিয়া বেগমের মেয়ে রুমা খাতুনের সঙ্গে গাংনী উপজেলার সহগলপুর গ্রামের ফকির আলীর ছেলে আশরাফুলের সাথে বিয়ে (দুজনেরই দ্বিতীয় বিয়ে এটা) হয়।

গতকাল বিকালে অষ্টমঙ্গলা চলকালীন স্বামীর সঙ্গে মেহেরপুর হয়ে শ্বশুর বাড়ি যাচ্ছিল রুমা। পথিমধ্যে সে জোসনা বেকারির সামনে দাঁড়িয়ে স্বামী কে গিয়াস মিষ্টান্ন ভাণ্ডার থেকে দই আনতে পাঠায়। দই কিনে রাস্তায় গিয়ে আর বউকে খুঁজে পায়নি আশরাফুল।

আশরাফুল জানান, শ্বশুর বাড়ি থেকে বউ রুমাকে নিয়ে শহর হয়ে গ্রামে যাচ্ছিলাম। এসময় তার বউ রুমা বললো,”আমি জোসনা বেকারির এখানেই দাঁড়াচ্ছি, তুমি গিয়াসের দোকান থেকে দই নিয়ে আনো”। তার কথামত দই কিনে ফিরে এসেই দেখি রুমা আর সেখানে নেই। অনেক খোঁজাখুজি করেও তাকে আর পেলাম না। অবশেষে না পেয়ে আশরাফুল নিজের বাড়িতে একায় ফিরে আসে।

এ ব্যাপারে আশরাফুলের শ্বাশুড়ি কুরছিয়া বেগমকের সাথে যোগাযোগ করা চেষ্টা করা হলে তিনি বলেন, “কুনু ছেইলির সাতে পালি গিছে কিনা, ব্যাপারডা আমি দেখছি বাপ”। এদিকে নতুন বৌ হারিয়ে আশরাফুল ভেজা চোখে নিশ্চুপ বসে কাঁদছিলেন!

আলমডাঙ্গার কাশিপুরে মিনি ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত

আলমডাঙ্গার কাশিপুর গ্রামে মিনি ক্রিকেট টুর্নামেন্ট-২০২০‘র ফাইনাল খেলা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মিনি টুর্নামেন্টে গতকাল ছিল ফাইনাল খেলা।

গতকাল বৃহস্পতিবার বিকেলে কাশিপুর খেলার মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা ও চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। এতে ১৬টি ক্রিকেট দল প্রতিযোগীতায় অংশ নেয়। কাশিপুর গ্রামবাসি টুর্নামেন্টের আয়োজন করে।

নকআউট ভিত্তিতে খেলায় এরআগেই ১৪ টি ক্রিকেট দল প্রতিযোগীতা থেকে ছিটকে পড়ে। ফাইনালে টিকে থাকে স্বাগতিক কাশিপুর স্পোর্টিং ক্লাব ও চুয়াডাঙ্গা চৌধুরীপাড়া স্পোর্টিং ক্লাব। ফাইনালে কাশিপুর স্পোর্টিং ক্লাব টসে জিতে প্রথমে ব্যাট করতে নামে। ওপেনার ব্যাটসম্যান তুহিন ও বিপু অপরাজিত থেকে ১৫৬ রান করেন।

বিপরিতে চুয়াডাঙ্গা চৌধুরীপাড়া স্পোর্টিং ক্লাবের ব্যাটসম্যনরা কাশিপুরের বোলারের সামনে দাঁড়াতেই পারেনি। তারা সবক‘টি উইকেট হাঁরিয়ে ১০৪ রানেই গুটিয়ে যায়। কাশিপুর স্পোর্টিং ক্লাব অনায়াশেই ৫২ রানের বিশাল জয় পেয়ে যায়।

খেলা শেষে ওয়াজেদ আলী হুজুরের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন বেলগাছি ইউনিয়নের গর্বিত সন্তান এএসএম গোলাম সরোয়ার শামীম। তিনি বলেন, পুরো বেলগাছি ইউনিয়নে আমি যুবক ভাইদেরকে খেলাধুলায় উৎসাহিত করে আসছি। মাদককে না বলে খেলাধুলা ও পড়াশোনাকে আলিঙ্গন করতে যা যা করা লাগে আমি সবকিছু করব।

রিপন, সম্রাট, সুমন, ইমতিয়াজ ও মিলনের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আতিয়ার রহমান, শুকুর আলী, রিকাত আলী মণ্ডল, মিহিদুল ইসলাম, মিন্টু বিশ্বাস, মিন্টু মল্লিক, খেদের আলী, আনোয়ার হোসেন, লাল্টু মিয়া ও আনারুল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যেগে ধর্ষণ ও নারী নির্যাতন বিরোধী র্যালী

দেশে সংঘটিত ধর্ষণসহ নারী ও শিশু নির্যাতন বিরোধী র্যালী করেছে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন। গতকাল সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসন চত্বর থেকে র্যালীটি শহর প্রদক্ষিণ করে। এতে সরকারী কর্মকর্তা-কর্মচারী, মহিলা অধিদপ্তর, বিভিন্ন এনজিও ও নারী নির্যাতন বিরোধী সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।

নারী নির্যাতন বিরোধী র্যালী শেষে উপজেলা চত্বরে একটি সমাবেশেরও আয়োজ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন, যারা নারীকে নির্যাতন করে তারা কখনও মানুষ হতে পারে না।

এদেরকে রুখতে, ধর্ষণকে রুখতে সরকার ইতোমধ্যে আইন পাশ করেছে। ধর্ষণের মামলায় যাবজ্জীবনের জায়গায় আইন করা হয়েছে মৃত্যুদণ্ড। তিনি বলেন, ইতোমধ্যে এই আইনে রায় দিয়েছেন আদালত। দেশে ধর্ষণের মত জঘন্য অপরাধ কমে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী বলেন, দেশের মানুষ অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হলে অপরাধ কমে যায়। ধর্ষণ ও নারী নির্যাতনের বিরুদ্ধে মানুষ যেভাবে সোচ্চার হয়েছে তাতে ধর্ষকরা কোথাও জায়গা পাবে না। ধর্ষণের মত জঘন্য অপরাধকে সমূলে নির্মূল করতে সরকার কঠোর পদক্ষেপ নিচ্ছে। আইনের যথাযথ প্রয়োগ হচ্ছে।

সমাবেশে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন ও উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার বক্তব্য রাখেন।

আলমডাঙ্গায় ৩১ টি পূজা মণ্ডপকে ঘিরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা

আলমডাঙ্গায় সনাতন ধর্মালম্বীদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপূজা গতকাল বৃহস্পতিবার সষ্টমীর মধ্য দিয়ে মণ্ডপে উঠেছে। আজ শুক্রবার সপ্তমী। তবে বৈশ্বিক মহামারী করোনার কারণে এবার দূর্গাপূজা ধর্মীয় রীতি-নীতির আবহের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

বাড়তি কোন আয়োজন থাকছে না। উৎসব উপলক্ষে প্রতিবারের মত গান-বাজনা ও প্রাচীন ঐতিহ্য পূজাকে ঘিরে আড়ংয়ের আয়োজন থাকছে না এবার। তবে পৌরসভাসহ উপজেলার ৩১টি পূজা মণ্ডপে থাকবে কড়া পুলিশী নিরাপত্তা প্রহরা।

শারদীয় দূর্গাপূজা উপলক্ষে আলমডাঙ্গা থানা পুলিশ নিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজিয়েছে। পৌরসভার ১১ টি পূজামণ্ডপসহ উপজেলার মোট ৩১ টি পূজা মণ্ডপকে একই নিরাপত্তা বেষ্টনির মধ্যে রাখা হবে। এ বিষয়ে থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর দায়িত্বে থাকা পুলিশ অফিসারদের কড়া দিক নির্দেশনা দিয়েছেন।

থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর বলেন, সনাতন ধর্মাবলম্বীদের সর্ববৃহৎ উৎসব শারদীয় দূর্গাপূজা শান্তিপূর্ণভাবে পালিত হবে। এ জন্য পুলিশ বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে। তিনি আরো বলেন, এবার করোনাকালীন দূর্গোৎসবে সন্ধ্যার পর মণ্ডপে দর্শনার্থিদের ঢুকতে দেয়া হবে না। স্বাস্থ্যবিধি মেনে পূজার্চনা করার নির্দেশনা দেওয়া আছে।

এ ব্যাপারে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি ডাক্তার অমল কুমার বিশ্বাস বলেন, বৈশ্বিক মহামারী করোনার কারণে আমরা স্বাস্থ্যবিধি মেনে পূজা উদযাপন করব। উপজেলায় মোট ৩১ টি পূজা মণ্ডপে পূজার্চনা হবে। সবদিক দিয়ে নিরাপত্তা ব্যবস্থা অনেক ভাল বলে তিনি জানান।

ডাক্তার অমল কুমার বিশ্বাস আরও বলেন, এবার আমরা মা দূর্গার কাছে দেশসহ বিশ্বে ছড়িয়ে পড়া মহামারী করোনা থেকে মানুষের মুক্তি কামনা করব। তিনি শারদীয় দূর্গোৎসবে ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষের সহযোগীতা কামনা করেন।

মেহেরপুরে পূজা মণ্ডপে আইন শৃংখলা রক্ষায় সশস্ত্র আনসার মোতায়ন

শারদীয় দূর্গাপূজা শান্তিপূর্ণ পরিবেশে উদযাপনের লক্ষ্যে মেহেরপুর জেলাতে পূজা মণ্ডপগুলোতে আনসার বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

জেলা ৪০টি পূজা মণ্ডপে মোতায়েনকৃত আনসার ও ভিডিপি ’র সদস্যরা আইন শৃংখলা রক্ষার কাজে নিয়োজিত করা হয়েছে।

গতকাল গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে জেলা আনসার ও ভিডিপি অফিস কার্যালয় থেকে জেলার বিভিন্ন স্থানে রওনা দেন আনসার বাহিনীর সদস্যরা।

এ প্রসঙ্গে জেলা কমাণ্ড্যান্ট মোঃ রাকিবুল ইসলাম বলেন , এ বছর করোনা ভাইরাসের কারনে ংঃধঃরপ ডিউটি না করে মোবাইল ডিউটি করবে আনসার বাহিনী।

এ লক্ষে ৫০ জনের ৫ টি টিম গঠন করা হয়েছে মেহেরপুর জেলায়। এর মধ্যে ৪ টা টিম সার্বক্ষণিক মাঠে এবং একটি টিম রিজার্ভ হিসেবে কাজ করবে।

প্রতিটি টিমে চারটি করে শর্টগান অস্ত্র থাকবে। শারদীয় দূর্গা পূজার নিরাপত্তাদানে সবসময় প্রস্তুত থাকতে নির্দেশ দেন তিনি।

মেহেরপুর আমঝুপি রাধা মাধব মন্দিরে মা দূর্গার ষষ্ঠী পালন

সনাতন ধর্মাবলম্বীদের বৃহত্তম ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপুজা শুরু হয়েছে। মেহেরপুর সদর উপজেলা আমঝুপি শ্রী শ্রী রাধা মাধব মন্দিরে গতকাল মা দূর্গার ষষ্ঠী।

গতকাল গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় ফিতা কেটে উদ্বোধন করছেন মন্দিরের উপদেষ্ঠা ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহানউদ্দিন চুন্নু।

এসময় শ্রী শ্রী রাধা মাধব মন্দিরের সভাপতি অসিত কুমার বিশ্বাস , সাধারণ সম্পাদক উত্তম কুমার কর্মকার , সহ সাধারণ সম্পাদক বলাই চন্দ্র বিশ্বাস , কোষাধ্যক্ষ আকিঞ্চন কুমার পাল, সাংগঠনিক সম্পাদক নারায়ন হালদার , উপদেষ্টা মুক্তিযোদ্ধা মাহবুল হকসহ শ্রী শ্রী রাধা মাধব মন্দিরের পুজা উদ্যাপন কমিটির সদস্যরা উপস্থিত

ছিলেন।

মেহেরপুর শহরে সমাজসেবা কর্মচারী ফারুককে কুপিয়ে হত্যা

মেহেরপুর শহরের তাঁতীপাড়ায় সমাজ সেবা অফিসের কর্মচারী ফারুক হোসেনকে (৩৯) কুপিয়ে হত্যা করেছে দূর্বৃত্তরা।
বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে শহরের তাঁতীপাড়ায় এবং সদর থানার সন্নিকটে এ ঘটনা ঘটে। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

নিহত ফারুক হোসেন মেহেরপুর শহর সমাজসেবা অফিসের মাঠ কর্মী এবং তাঁতীপাড়া সাখাওয়াত হোসেনের ছেলে। তাঁর দুটি ছেলে সন্তান রয়েছে। বড় ছেলে নাহিদ (১২) এবং ছোট ছেলে নবাব (৪)।

তিনি ২০০৮ সালে মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের রাধুনি হিসেবে চাকরিতে যোগদান করেন। পরে বিভাগীয় পরীক্ষা দিয়ে মাঠ কর্মী হিসেবে পদোন্নতি লাভ করেন। এর আগের বার মেহেরপুর পৌরসভা নির্বাচনে ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর হিসেবে নির্বাচন করেন। মাত্র কয়েক ভোটর ব্যবধানে পরাজিত হোন।

জানা গেছে, রাত পোনে ১১ টার দিকে থানা মোড়ের একটি দোকান থেকে কয়েল কিনে বাড়ি ফিরছিলেন। বাড়ির ঠিক ২০ গজ পূর্বে কয়েকজন সন্ত্রাসীরা ধারালো অস্ত্র দিয়ে পেছনদিক থেকে এলোপাতাড়ি কুপিয়ে পালিয়ে যায়। এতে তার ঘাড়, পিঠ ও পায়ে গভির ক্ষত সৃষ্টি হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পথেই তার মৃত্যু হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক হাবিবুর রহমান জানান, হাসপাতালে পৌছানোর আগেই তিনি মারা গেছেন। তার শরীরের ঘাড়ে, পিঠে এবং পায়ে ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয়েছে। যাতে গভির ক্ষত হয়েছে এবং অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যূ

হয়েছে ।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, নিহতের বাড়ির ঠিক ২০ গজ দুরে সন্ত্রাসীরা এ হামলা চালিয়েছে। সুরতহাল রিপোর্টে পিঠে, ঘাড়ে এবং পায়ে কোপানো হয়েছে। হাসপাতালে নেওয়ার পথেই মৃত্যু হয়েছে। প্রাথমিকভাবে এ হত্যার কোন ক্লু পাওয়া যায়নি।

তিনি আরো জানান, ঘটনা জানতে পেরেই পুলিশ সুপার স্যার ঘটনাস্থল পরিদর্শন করেছেন। পুলিশের একাধিক দল ইতিমধ্যে অভিযানে নেমেছে।

নিহত ফারুক হোসেনের বড় মামা আলাউদ্দিন জানান, তাকে মেরে ফেলার মত কোন বিরোধ কারোর সাথে ছিল আমাদের জানা নেই।

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আবদুল্লাহ বাপ্পি জানান, খবর পেয়ে ছুটে হাসপাতালে গিয়ে দেখি মারা গেছে। ফারুকের কোন শত্রু থাকতে পারে বলে মনে হচ্ছে না। তবে আমরা এই হত্যাকাণ্ডের সুষ্ঠ তদন্ত ও বিচার দাবি করছি। প্রয়োজনে এলাকাবাসীকে সাথে নিয়ে বিচারের দাবিতে আন্দোলন গড়ে তুলবো।

পরে পুলিশ সুপার এস এম মুরাদ আলী হাসপাতালে পরিদর্শন করে লাশের স্বজন ও স্থানীয়দের সাথে কথা বলেন। পরে তিনি সাংবাদিকদের প্রাথমিক ব্রিফ দেন এসময় তিনি বলেন, প্রাথমিক ভাবে হত্যার তেমন কোন কারণ এখনো বোঝা যাচ্ছে না। তদন্ত শেষে বোঝা যাবে।

কোটচাঁদপুরে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ^ হাত ধোয়া দিবস পালন করা হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ চত্বরে হাতধোয়া কর্মসূচি পালন করা হয়। উপজেলা প্রশাসন ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে এই র্যালী ও হাতধোয়া কর্মসূচির অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকির নেতৃত্বে র্যালীতে অংশ নেন, পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলাম জাহিদ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,

উপজেলা প্রকৌশলী মোঃ রুহুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার মহসিন আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, আওয়ামীলীগ নেতা নূরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।

অনুষ্ঠানে সার্বিক ব্যাবস্থাপনায় ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের উপ-সহকারী প্রকৌশলী মোঃ জিল্লুর রহমান।